# Times Today BD

আজিজুল ইসলাম বারী | রংপুর | 24 May, 2025

লালমনিরহাটের কালীগঞ্জ উপজেলায় পুলিশের মোটরসাইকেলের ধাক্কায় নিলিমা রানী (৪৬) নামে এক গৃহবধূর মৃত্যু হয়েছে।

শনিবার (২৪ মে) বিকেলে উপজেলার মদাতি ইউনিয়নের খালিসা গ্রামে এ দুর্ঘটনা ঘটে।তিনি ওই গ্রামের সবজি বিক্রেতা কামিনী রায়ের স্ত্রী।

পুলিশ ও স্থানীয়রা জানান, উপজেলার চামটা কালীগঞ্জ বাইপাস সড়কে নিজ বাড়ির সামনে বোরো ধানে খড় শুকাচ্ছিলেন গৃহবধু নিলিমা রানী। এ সময় চামটা বাজার থেকে মোটর সাইকেলে একজন সঙ্গী নিয়ে কালীগঞ্জ থানায় ফিরছেলেন কনস্টবল আশিক। ঘটনাস্থলে পৌছলে গৃহবধু নিলিমা রানীর শরীরের উপর দিয়ে মোটরসাইকেল চালিয়ে যায়।এতে গুরুতর আহত হন নিলিমা।স্থানীয়রা এসে তাকে আহত অবস্থায় উদ্ধার করে বাড়িতে নিলে তার মৃত্যু হয়।

খবর পেয়ে ঘটনাস্থলে আসেন কালীগঞ্জ থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা(ওসি) সেলিম মালিক।উপস্থিত জনতা ও নিহতের পরিবারের সাথে তাৎক্ষনিক আপোষ মিমাংস করে লাশ দাহ করার অনুমতি দেয়া হয়।

প্রতক্ষদর্শী স্বরসতি রানী বলেন, নিলিমা রানী তার নিজের সাইডে দাড়িয়ে ছিলেন। পুলিশের মোটর সাইকেলটি বেপরোয়া গতিতে এসে নিলিমাকে ফেলে দিয়ে তার বুকের উপর দিয়ে যায়। আমরা উদ্ধার করে বাড়িতে নিলে তার মৃত্যু হয়।

এ বিষয়ে কালীগঞ্জ থানার ওসি সেলিম মালিক বলেন, সহকারী পুলিশ সুপার(বি সার্কেল) অফিসে কাজ শেষে ফেরাত পথে কনস্টবল আশিকের গাড়িতে এ দুর্ঘটনা ঘটে। নিহতের পরিবারের কোন অভিযোগ না থাকায় লাশ দাহ করার অনুমতি দেয়া হয়েছে।

পুলিশ গৃহবধূ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 20:42

URL: https://www.timestodaybd.com/rangpur/2885513891